

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার সদর দপ্তর  
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.betar.gov.bd](http://www.betar.gov.bd)


জরুরী

স্মারক নম্বর-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.১৮. ১৪৫৮

তারিখঃ ১২/০৫/২০১৮

বিষয়: বিশ্ব বেতার দিবস ও শ্রোতা সম্মেলন ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

- আগামী ১৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি., মঙ্গলবার সকাল ১০টা ৩০মিনিটে ঢাকার আগারগাঁওস্থ জাতীয় বেতার ভবন চত্বরে বাংলাদেশ বেতার কর্তৃক বিশ্ব বেতার দিবস ও শ্রোতা সম্মেলন ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উল্লিখিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু এমপি প্রধান অতিথি হিসেবে এবং মাননীয় তথ্য প্রতিমন্ত্রী জনাব তারানা হালিম এমপি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম. ১০৬.০ মেগাহার্জে, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম. ৮৮.৮ মেগাহার্জে এবং বাংলাদেশ বেতারের ওয়েব সাইট [www.betar.gov.bd](http://www.betar.gov.bd) থেকে সরাসরি সম্প্রচার করবে। এছাড়া উক্ত অনুষ্ঠান বাংলাদেশ বেতার চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট এফ.এম. ৮৮.৮ মেগাহার্জে, বরিশাল ১০৫.২ মেগাহার্জে, ঠাকুরগাঁও ৯২.০ মেগাহার্জে, রাঙামাটি ১০৩.২ মেগাহার্জে, বান্দরবান ১০৪.০ মেগাহার্জে, কক্সবাজার ১০০.৮ মেগাহার্জে, খুলনা ১০০.৮ (নওয়াপাড়া, যশোর) মেগাহার্জে ও কুমিল্লা ১০৩.৬ মেগাহার্জে স্যাটেলাইটের মাধ্যমে ঢাকা থেকে রীলে হবে।
- ২। উক্ত অনুষ্ঠান রীলের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, স্যাটেলাইটের মাধ্যমে অনুষ্ঠানটি আপলিংক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ৩। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার এবং রীলের ক্ষেত্রে সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিসমূহের প্রচার নির্ধারিত অনুষ্ঠান বাতিল করা হলো।
  - ৪। অনুষ্ঠানটি সম্প্রচার/রীলের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠানটি প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
  - ৫। উক্ত অনুষ্ঠান অনুষ্ঠানস্থল থেকে সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন; সকল আঞ্চলিক কেন্দ্র থেকে অনুষ্ঠান রীলের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলী/উপ-আঞ্চলিক প্রকৌশলীগণের সঙ্গে যোগাযোগের মাধ্যমে সম্প্রচার নিশ্চিত করার দায়িত্ব পালন করবেন।
  - ৬। উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট সকল আঞ্চলিক পরিচালক এবং আঞ্চলিক প্রকৌশলী/উপ-আঞ্চলিক প্রকৌশলী আন্তঃযোগাযোগ, যথাযথ কিউশিট তৈরী-সরবরাহ ও কারিগরি ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।
  - ৭। উক্ত অনুষ্ঠান প্রচারের পূর্বে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ স্ব স্ব কেন্দ্র থেকে প্রমো/ঘোষণা প্রচারের মাধ্যমে অনুষ্ঠানটি শ্রোতাদেরকে অবহিত করবেন।
  - ৮। উক্ত অনুষ্ঠানের ব্যাপক প্রচারকল্পে পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক পূর্ব থেকে যথাক্রমে জাতীয় সংবাদে ও স্ব স্ব কেন্দ্রের আঞ্চলিক সংবাদে 'সংবাদ প্রতিবেদন' প্রচারের মাধ্যমে অনুষ্ঠানটি শ্রোতাদেরকে অবহিত করবেন।
  - ৯। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর-উক্ত অনুষ্ঠানটির প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ১০। বিশ্ব বেতার দিবস-২০১৮ উপলক্ষে বাংলাদেশ বেতার আয়োজিত বিশ্ব বেতার দিবস ও শ্রোতা সম্মেলন ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য সকল বেসরকারি বাণিজ্যিক এফ.এম ও কমিউনিটি রেডিও প্রধানকে অনুরোধ করা হলো।

  
(সালহউদ্দিন আহমেদ)  
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান  
ফোন: ০২-৪৪৮১৩০৬৭  
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপমহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর।
- ৪। পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা।
- ৬। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক/সহকারী বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা।
- ৭। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস/নিয়ন্ত্রণ প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া।
- ৮। উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, কেন্দ্রীয় ভাভার, পাহাড়তলী, চট্টগ্রাম।